

# সমকাল

## স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ে 'ফিচার লেখন কর্মশালা' অনুষ্ঠিত

১৫ ঘণ্টা আগে | **Updated** ১৩ ঘণ্টা আগে

---

সমকাল প্রতিবেদক

---



স্টামফোর্ড বিশ্ববিদ্যালয় সাংবাদিক ফোরামের আয়োজনে 'ফিচার লেখন কর্মশালা' অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগে অনুষ্ঠিত এই কর্মশালায় স্টামফোর্ড বিশ্ববিদ্যালয় সাংবাদিক ফোরাম, ঢাকা কলেজ ও তিতুমীর কলেজ সাংবাদিক সমিতির সদস্যরা অংশ নেন। কর্মশালার প্রশিক্ষক ছিলেন দৈনিক সমকালের বিশেষ প্রতিনিধি রাজীব নূর। তিনি ফিচার লেখার বিষয়ে বিভিন্ন পরামর্শ ও তার কাজের অভিজ্ঞতা শিক্ষার্থীদের মাঝে তুলে ধরেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংবাদিক ফোরামের কনভেনর সহকারী অধ্যাপক মোশাররফ হোসেন, কো-কনভেনর তপন মাহমুদ, সমকালের সহ-সম্পাদক জাহিদুর রহমান, ফোরামের সভাপতি ছাইফুল ইসলাম মাহুম, সাধারণ সম্পাদক সানমুন আহমেদ, ঢাকা কলেজ সাংবাদিক সমিতির সভাপতি মাহমুদুল হাসান শাকুরী, তিতুমীর কলেজ সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক সাক্বির আহমেদ প্রমুখ।